দৈনিক বাংলা

২৩

তারিখ 0 5 MAR 1988
পৃষ্ঠা ... ৭ ... 4

১২

## শিক্ষক সমিতি

# ফেডারেশনের ১৩-দফা দাবী পূরণের আশ্বাস

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের পেশকৃত ১৩-দফা দাবী পূরণের আশ্বাস দিয়েছেন।

বৃহস্পতিবার ঢাকায় কৃষি গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে ফেডারেশনের এক প্রতিনিধি সম্মেলনে তিনি এই আশ্বাস দেন। এতে আগামী ১২ই মার্চ আহূত চতুর্থ জাতীয় শিক্ষক মহাসম্মেলনকে সফল করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করা হয়। ফেডারেশনের অন্যতম ভাইস চেয়ারম্যান অধ্যাপক এ কে এম আলী রেজা প্রতিনিধি সম্মেলনে সভাপতিত্ব করেন।

সম্মেলন উদ্বোধন করেন ফেডারেশনের সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহ।

সম্মেলনে ফেডারেশন থেকে বহিষ্কৃত মওলানা আবদুল মান্নান কর্তৃক আহূত ৬ই ও ৭ই মার্চের তথাকথিত জমিয়াতুল মোদারেসীন মহাসম্মেলনে যোগদান না করার জন্য প্রেসিডেন্টের প্রতি আবেদন জানান হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।